



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

**2nd Term: Answer - Work Sheet - 5**

**Class: 4**



**Subject: Bengali Grammar (লিঙ্গ)**

**Date: 8/5/20**

১। প্রাণীবাচক যে বিশেষ্য পদের দ্বারা পুরুষজাতীয় কাউকে বোঝায় তাকে বলে পুংলিঙ্গ ।

২। প্রাণীবাচক যে বিশেষ্য পদের দ্বারা স্ত্রীজাতীয় কাউকে বোঝায় তাকে বলে স্ত্রীলিঙ্গ ।

৩। অপ্রাণীবাচক জড় পদার্থকে বলে ক্লীবলিঙ্গ ।

৪। প্রাণীবাচক যে বিশেষ্য পদের দ্বারা পুরুষ ও স্ত্রী উভয় জাতিকে বোঝায় তাকে বলে

উভয়লিঙ্গ ।

৫। শূন্যস্থান পূরণ কর :-

ক) স্ত্রীলিঙ্গবাচক কয়েকটি চিহ্ন যোগ করে লিঙ্গ পরিবর্তন করা হয় ।

খ) মূল শব্দের আগে পুংবাচক বা স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গ পরিবর্তন করা হয় ।

গ) কেবল প্রাণীবাচক বিশেষ্য পদের লিঙ্গ পরিবর্তন হয় ।

ঘ) কখনো কখনো বিশেষণ পদের লিঙ্গ পরিবর্তন হয় ।

ঙ) কতকগুলি উভয়লিঙ্গ শব্দকে কেউ কেউ নিত্য পুংলিঙ্গ শব্দ বলে ।

৬। নিম্নলিখিত শব্দগুলির পুংলিঙ্গের রূপ লেখ :-

ক) তনয়া = তনয়

খ) দেবী = দেব

গ) সহচরী = সহচর

ঘ) নর্তকী = নর্তক

ঙ) মানবী = মানব

চ) সুন্দরী = সুন্দর

ছ) পক্ষীণী = পক্ষী

জ) ভাগিনেয়ী = ভাগিনেয়

ঝ) ভিখারিনি = ভিখারি

ঞ) রাগিনী = রাগ

ট) যোগিনী = যোগী

Manashi Chaudhuri